


ঢাকা
রবিবার
২ অগ্রহায়ণ
১৪৩১ বঙ্গাব্দ

দৈনিক জনকণ্ঠ

ঢাকা রবিবার ১৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ



নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ২০২৫ সালের স্প্রিং সেমিস্টারে ভর্তি পরীক্ষা শনিবার অনুষ্ঠিত হয়।

এনএসইউতে স্প্রিং সেমিস্টারের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

জনকণ্ঠ ডেস্ক ॥ নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ২০২৫ সালের স্প্রিং সেমিস্টার ভর্তি পরীক্ষা শনিবার অনুষ্ঠিত হয়েছে। এতে চারটি স্কুলে ভর্তির (আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম) জন্য প্রায় ৭ হাজার ৫০০ পরীক্ষার্থী অংশ নেয়। স্কুল চারটি হলো- স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্স, স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেস, স্কুল অব হিউম্যানিটিস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস এবং স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিক্স। ভর্তি পরীক্ষা উপলক্ষে ক্যাম্পাসে পরিবেশ ছিল উৎসবমুখর। সকাল ১০টা থেকে দুপুর ১২টা ৩৫ মিনিট পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার হল পরিদর্শন শেষে প্লাজা এরিয়ায় সমবেত অভিভাবকদের উদ্দেশে এনএসইউ'র বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান

আজিম উদ্দিন আহমেদ তাদের সন্তানদের উচ্চশিক্ষার জন্য নর্থ সাউথ ইউনিভার্সিটিকে বেছে নেওয়ায় ধন্যবাদ জানান। তিনি বলেন, আপনারা আমাদের প্রতি আস্থা রাখেন বলেই আপনাদের ছেলে-মেয়েদের এখানে পরীক্ষা দিতে নিয়ে এসেছেন। আমরা আপনাদের প্রতি কৃতজ্ঞ। এনএসইউ কোষাধ্যক্ষ ও উপউপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের ধন্যবাদ জানান।

অফিস অব অ্যাডমিশনের (আন্ডারগ্র্যাড) পরিচালক অধ্যাপক কে এম এ সালাম বলেন, ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ দেখে আমরা আনন্দিত। খুব শীঘ্রই এনএসইউ'র ওয়েবসাইটে ফল প্রকাশ করা হবে। এনএসইউ অ্যাডমিশন অফিস আগামী ৩ থেকে ৪ দিনের মধ্যে ভর্তি পরীক্ষার ফলাফল ঘোষণা করা বলে জানায়। ফলাফলের জন্য এনএসইউ'র অফিসিয়াল ওয়েবসাইট দেখার জন্য অনুরোধ করা হয়েছে। - বিজ্ঞপ্তি।